শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.১৯. ৭২৫৯ তাং ০৩/১২/২০১৯ ইং।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নেবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নেবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৩২,৭৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে কমপক্ষে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>(খ) বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে<br>(ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনে দক্ষ/সক্ষম হতে হবে।<br>(চ) যথাযথ ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। | ঢাকা,চট্টগ্রাম,কুমিল্লা, ময়মনসিংহ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, সিলেট, ব্রাহ্মণবাড়িয়া, খুলনা, নারায়নগঞ্জ, সুনামগঞ্জ, চাঁদপুর, নোয়াখালী, যশোর, জামালপুর, কক্সবাজার, হবিগঞ্জ,ভোলা, বরিশাল, নরসিংদী, লক্ষীপুর,নওগাঁ, নেত্রকোনা, মানিকগঞ্জ, মৌলভীবাজার, ঝিনাইদহ, নাটোর, পাবনা, গাইবান্ধা, শরিয়তপুর, ফরিদপুর, রাজবাড়ী, মুন্সিগঞ্জ, রাজশাহী, ফেনী, বরগুনা, সাতক্ষীরা, মাদারীপুর, পটুয়াখালী, পিরোজপুর, কুষ্টিয়া, ঝালকাঠি, শেরপুর, মেহেরপুর, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বাগেরহাট, মাগুড়া,গোপালগঞ্জ, নড়াইল। |
| ০২ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৩২,৭৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে কমপক্ষে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ১০ (দশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে জামানত হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্ত শেষে সুদসহ ফেরত প্রদান করা হবে।<br>ঙ) প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণরে সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। | |
| ০৩ | অফিস সহায়ক | পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৫,৫০০.০০ হতে ২৭,৮৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>(ঘ) বাই সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিষ্কার-পরিচ্ছন্নতা, গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে। | |

GS3,D:\Niog-200.14\200.14-3.docx

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



**শর্তাবলী ঃ**

| | |
|---|---|
| ০১ | উল্লেখিত যে কোন পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, ঠাকুরগাঁও এর ওয়েবসাইট www. pbs.thakurgaon.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে আবেদন ফরম A-4 সাইজের কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পুরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পুরণ করতঃ আগামী ৩০/১২/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি,জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। একাধিক পদে আবেদন করতে আগ্রহী প্রার্থীকে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ভাবে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। |
| ০২ | ৩০/১২/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। |
| ০৩ | প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ<br>ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।<br>খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।<br>গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র।<br>ঘ) সাম্প্রতিক কালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।<br>(ঙ) জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর অনুকূলে ১০০/=মূল্যের ক্রসড পোষ্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। |
| ০৪ | প্রাপ্ত আবেদন সমূহ প্রাথমিকভাবে বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার তারিখ যথাসময়ে ডাকযোগে অবহিত করা হবে। |
| ০৫ | উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিক্যাল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিতদায়িত্ব ও কর্তব্যসমূহ যাথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীণ (ডাটা এন্ট্রি অপারেটর ও সহকারী ক্যাশিয়ার), বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে। |
| ০৬ | চাকুরীতে নিয়োগের পূর্বে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনকভাবে প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত প্রার্থীকে উক্ত পদে নিয়োগ প্রদান করা হবে। |
| ০৭ | আবেদনের সাথে সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম সম্বলিত সীল থাকতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| ০৮ | অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। |
| ০৯ | প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। |
| ১০ | জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী জেলার স্থায়ী ঠিকানার অধিবাসী প্রার্থীগন উল্লিখিত পদে আবেদন করতে পারবেন। |
| ১১ | বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। |
| ১২ | প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে। |
| ১৩ | ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নেই। |
| ১৪ | লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। |
| ১৫ | নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপারগতা ইত্যাদি কারণে উল্লিখিত পদে শূণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে। |

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



| | |
|---|---|
| ১৬ | অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে। |
| ১৭ | অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। |
| ১৮ | নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে। |

(আবু আশরাফ মোঃ ছালেহ)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
০১। নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উ: অ:)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------- পবিস-১/২/৩/৪।

অনুলিপি ঃ কার্যার্থে
০১। ডিজিএম, কারিগর/পীরগঞ্জ/পঞ্চগড় জোনাল অফিস, ঠাপবিস।
০২। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), ঠাপবিস।
০৩। নোটিশ বোর্ড ।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

GSJ,D:\Niog-200.14\200.14-3.docx